# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

## For Procurement of Works

(Request for Quotation Method)

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

খুলনা পণ্যাগার হতে বরাদ্দকৃত ১১ কেভি সাব-মেরিন ক্যাবল (D-60 )" পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, কাশিনাথপুর, পাবনায় পরিবহণ

টেন্ডার প্যাকেজ নং- W-22-23.08.001

প্রশাসন বিভাগ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

শেখ হাসিনার উদ্যোগ

# পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com,Web Site: www.pbs2.pabna.gov.bd

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

ISO 9001:2015 CERTIFIED

মুজিব শতবর্ষ

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২২- ৬০৫৫

তারিখঃ- ১৬ জুলাই,২০২২খ্রিঃ
০১শ্রাবণ,১৪২৯বঙ্গাব্দ

বিষয়ঃ খুলনা পণ্যাগার হতে বরাদ্দকৃত ১১কেভি সাব-মেরিন ক্যাবল ( D-60) পরিবহণের জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র । Tender Package No- W-22-23.08.001.

০১. পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় খুলনা পণ্যাগার হতে বরাদ্দকৃত ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60) পরিবহণের লক্ষ্যে প্রকৃত পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে RFQ পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২. ১১কেভি সাব-মেরিন ক্যাবল ( D-60) পরিবহণে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তি হবে।

০৩. এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs2.pabna.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

০৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথবাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ (ক) জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

০৫. কোটেশন দাখিল এবং পণ্য পরিবহণের জন্য কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খামে আগামী ২৫/০৭/২০২২খ্রিঃ তারিখ এবং সময় ১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে " **খুলনা পণ্যাগার হতে ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60)"** এর জন্য কোটেশন এবং আগামী **২৫/০৭/২০২২খ্রিঃ** তারিখ এবং সময় বেলা ১২:৩০ এর আগে খোলা যাবে না "লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রাপ্ত দরপত্র সমূহ **২৫/০৭/২০২২খ্রিঃ** তারিখ বেলা ১২:৩০ ঘটিকায় সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তির অত্র পবিস'র ওয়ে সাইট www.pbs2.pabna.gov.bd এ দেখা যাবে।

০৮। কোটেশন দাখিলে নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উম্মুক্ত করা হবে।

১০। **পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানকে ইতিপূর্বে পরিবহণ কাজে অভিজ্ঞতার প্রমাণ স্বরুপ দরপত্রের সাথে কার্যাদেশের ফটোকপি সংযুক্ত করে দাখিল করতে হবে।**

১১। খুলনা পণ্যাগার হতে **১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60) পরিবহণের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60)** পরিবহণের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে সন্তোষজনকভাবে ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60) পরিবহণ সংক্রান্ত প্রত্যয়ন গ্রহন করতে হবে। সন্তোষজনকভাবে ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60) পরিবহণের পর বিল দাখিল সাপেক্ষ্যে একাউন্টপেয়ী চেকেরে মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট, উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

চলমান পাতা

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে সন্তোষজনকভাবে ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60) পরিবহণ সংক্রান্ত মেমো হিসাবের খাতে প্রাপ্য চেকের মাধ্যমে টাকার অংশে পরিশোধ করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদ পত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি , এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মোট মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬। কার্যাদেশ জারীর তারিখ থেকে ১৫(পনের) দিনের মধ্যে **১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60)**) পরিবহণ সম্পন্ন করতে হবে।

১৭। নির্ধারিত তারিখের মধ্যে মালামাল পরিবহণ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য মালামাল পরিবহণের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৮। মালামাল/আইটেম এর পরিমান কম/বেশী হতে পারে এবং দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে নমুনা জানা যেতে পারে।

১৯। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ সকল কোটেশন বা ১১কেভি সাব-মেরিন ক্যাবল (D-60)পরিবহণ কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৮.০৭.২০২২

( মোঃ মজিবুল হক )

জেনারেল ম্যানেজার (চঃদাঃ) ।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহঃ

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)।

০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলো।

০৩। জেলা প্রশাসক, পাবনা।

০৪। পুলিশ সুপার, পাবনা।

০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ কার্যালয়, পাবনা।

০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------------------------------------------পবিস-১/২/৩/৪।

০৮। নির্বাহী প্রকৌশলী, সিস্টেম অপারেশন ও বিতরণ, বাপবিবো, পাবনা।

০৯। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর/বেড়া/সাথিয়া,উপজেলা, পাবনা।

১০। ডেপুটি জেনারেল ম্যানেজার (সদর-কারিগরি/আতাইকুলা/বেড়া /সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।

১১। সহকারী জেনারেল ম্যানেজার (ওএন্ডএম), সাথিয়া/বাধেরহাট সাব জোনাল অফিস, পাবনা পবিস-২।

১২। এজিএম(অর্থ/সঃসেঃ/ওএন্ডএম/ইএন্ডসি), পাবনা পবিস-২।

১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১), পাবনা পবিস-২ (ওয়েবসাইটে ও ই-মেইলে প্রকাশের নির্দেশনা প্রদানসহ ই-মেইলে প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের প্রমানক প্রিন্ট করে সংশ্লিষ্ট ফাইলে রাখার জন্য)।

১৪। নোটিশ বোর্ড, পাবনা পবিস-২।

১৮.০৭.২০২২

( মোঃ মজিবুল হক )

জেনারেল ম্যানেজার (চঃদাঃ) ।

১৬

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২২-৩০৫৫, তারিখঃ ১৬/০৭/২০২২খ্রিঃ।

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/ মূল্য | | মোট মূল্য | পণ্য পরিবহণেরগন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | D-60 | ১১ কেভি সাব-মেরিন ক্যাবল | কিঃমিঃ/ টন | ০.৫কিঃমিঃ (১১.৫ টন) | | | | পাবনা পবিস-২ কাশিনাথপুর , পাবনা |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সব ধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২ নং নোট দেখুন) | | | | | | অংকে মোট টাকা | | |
| | | | | | | কথায় মোট টাকা | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | পাবনা পল্লী বিদ্যুৎসমিতি-২, কাশিনাথপুর, পাবনা। |
| মোট মূল্য টাকায়ঃ------------------------------------------------------- (কথায়)ঃ-------------------------------------------------------- | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত পরিবহণকৃত পণ্য ও সংশ্লিষ্ট কাজের জন্য মোট মূল্য ---------------------------------------------------------------------- |
| প্রস্তাবিত পরিবহণ | ১৫(পনের) দিনের মধ্যে পরিবহণ আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | মালামাল (কাঠের পোল) পরিবহণের ০৬(ছয় মাস) পর্যন্ত। |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলে ০৮টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব ২৫/০৯/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ:----------------------------------------- |
| কোটেশনদাতার নাম | |

টাকাঃ.................................................................................................

০১। কলাম ১,২,৩,৪,৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬,৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

০২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পরিবহণ দর ক্রয়কারীর গ্রহণযোগ্য সরবরাহ এবং সংশ্লিষ্ট পরিবহণের স্থানে সর্বোতভাবে পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সব ধরনের কার, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অন্তর্ভূক্ত থাকবে।

# কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

প্রতি
জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

কোটেশনের প্যাকেজ নম্বরঃ W-22-23.08.001, তারিখঃ ১৬/০৭/২০২২খ্রিঃ।
স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২২-৩০৫৫ , তারিখঃ ১৬/০৭/২০২২খ্রিঃ।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, মালামাল (পোল) পরিবহণের শর্তাবলী অনুসারে পরিবহণ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ---------------------------- কথায়ঃ--------------------------------------------------------------
আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দূর্নীতি প্রতারণা, চূড়ান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা পরিবহণ কাজ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের /নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৫/০৫/২০২২খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর
তারিখঃ

## পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

বিষয়ঃ খুলনা পণ্যাগার হতে বরাদ্দকৃত ১১ কেভি সাব-মেরিন ক্যাবল পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা এ পরিবহণের জন্য কার্যাদেশ।

কাঠের পোল পরিবহণ আদেশ স্মারক নং- ২৭.১২.৭৬৭২.৫০৮.০১.০৩৮.২০২২-৩০৫৫, তারিখঃ ১৬/০৭/২০২২খ্রিঃ।

| | |
|---|---|
| কোটেশন নম্বরঃ W-22-23.08.001, | তারিখঃ ১৬/০৭/২০২২খ্রিঃ। |
| প্রতি:<br>[ সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| পরিবহণের তারিখ: [ সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | পণ্যের পরিবহণ মূল্য: টাকা [ চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| **সরবরাহ: শর্তানুযায়ী** | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট পরিবহণ কাজের জন্য ক্রয়কারী -----------------------তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য পরিবহণ কাজের কারিগরি বিনির্দেশ মোতাবেক পরিমান ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে পরিবহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

| **পরিবহণের জন্য উল্লেখিত পণ্য/ পণ্যসমূহ** |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। শর্তাবলীর অনুলিপি সংযুক্ত করুন। |
| **ক্রেতার জন্য:**<br><br>**(মোঃ মজিবুল হক)**<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ)<br>পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>কাশিনাথপুর, পাবনা। |
| তারিখঃ |

সংযুক্তি সমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক।

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রঃনং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ০১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | D-60 | ১১ কেভি সাব-মেরিন ক্যাবল | খুলনা পণ্যাগার হতে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর বিপরীতে বরাদ্দকৃত কাঠের পোল | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ( ১১ কেভি সাব-মেরিন ক্যাবল) ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেতি কারিগরী বিনির্দেশ অনুযায়ী পরিবহণ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ:--------------------------------------- |
| কোটেশনদাতার নাম | |

টাকাঃ..........................................................................................................

০১। কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

০২। বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামুলক কোটেশনের জন্য পরিবহণের জন্য উল্লেখিত ১১ কেভি সাব-মেরিন ক্যাবল এর কারিগরী বিনির্দেশ ( পূর্ণাঙ্গ বিবরণী ) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে পরিবহণের উল্লেখিত পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভূক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, । ব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্নেবেশিত হবে।

০৩। পরিবহণের জন্য উল্লেখিত পণ্য ( ১১ কেভি সাব-মেরিন ক্যাবল) ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রযোজনীয়তার সঙ্গে সামঞ্জসপূর্ণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্য (১১ কেভি সাব-মেরিন ক্যাবল) পরিবহণের প্রস্তাবিত দর বর্তমান/সাম্প্রতিক পরিবরহণ বাজার মুল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

ক) ১১ কেভি সাব-মেরিন ক্যাবল পরিবহণ তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য (১১ কেভি সাব-মেরিন ক্যাবল) পরিবহণ করতে ব্যর্থ হয়।

খ) ১১ কেভি সাব-মেরিন ক্যাবলপরিবহণের প্রতিযোগিতায় বা পরিবহণে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের বিবেচনায় কোনো দূর্ণীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত।

গ) চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০। এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ এবং ঠিকাদারী প্রতিষ্ঠান তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১। ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দূর্ণীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠান অবগত ও দায়ী থাকবে।

| পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ এর জন্য | পরিবহণ ঠিকাদারের জন্য |
|---|---|
| (মোঃ মজিবুল হক)<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ)<br>পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>কাশিনাথপুর পাবনা। | নাম এবং পদবীসহ পরিবহণ ঠিকাদারের স্বাক্ষর |
| তারিখঃ | তারিখঃ |

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

০১। চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং পরিবহণকারী মেনে চলতে থাকবে।

০২। এ শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮- এর বিধান প্রযোজ্য হবে।

০৩। কার্যাদেশ জারি হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে পরিবহণ কাজ সমাপ্ত করতে হবে।

০৪। যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

০৫। চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

০৬। ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী পরিবহন ঠিকাদার কর্তৃক পরিবহণকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধিকে জানাবে।

০৭। যদি পণ্য পরিবহণকালে মালামালে কোন ক্ষয়ক্ষতি হলে ক্রয়কারী পরিবহণ ঠিকাদারকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে মালামালের ক্ষতিপূরণ দাবি করতে পারবে।

০৮। পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠান সকল ধরণের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

০৯। অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত পরিবহণের পরিমানের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। পরিবহণ চালানের জমা এবং গ্রহণের পর পণ্য পরিবহণ এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০। পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানের দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভূক্ত থাকবে।

১১। মোট চুক্তি মূল্য টাকা অংকে-----------------------[ কথায়-----------------------------------------------------------]।

১২। সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **[মাস উল্লেখ করুন: প্রযোজ্য না হলে 'নেই' উল্লেখ করুন]** ।

১৩। ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪। সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. ১১ কেভি সাব-মেরিন ক্যাবল পরিবহণ এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠান নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬। ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর পরিবহণের কারণে পণ্যের ( ১১ কেভি সাব-মেরিন ক্যাবল) ক্ষতি হলে, ঠিকাদারী প্রতিষ্ঠান নিজ খরচে সংশোধন করবে।

১৭। কোনো অবস্থাতেই পরিবহণকৃত মালামালের ( ১১ কেভি সাব-মেরিন ক্যাবল ) পরিধি এবং পরিবহণ পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯। পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষ পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠানকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি পরিবহণ ঠিকাদারী প্রতিষ্ঠান;